গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা-নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০০০.০১০.১৮.০০০১.২২-১৩৫

তারিখ: ১৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : **প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার এবং সিসি ক্যামেরা স্থাপন প্রসঙ্গে।**

সূত্র : কারিগরি শিক্ষা অধিদপ্তরের ২৩ জুলাই ২০২৬ তারিখের ৫৭.০৩.০০০০.০০০.০১১.০৬.০০০১.২৩.৪৮নং স্মারকে প্রকাশিত কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ১৩ জুলাই ২০২৬ তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত-৩.১.২: প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার এবং সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।

০২। এমতাবস্থায়, উক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

৩০/০৭/২৬

(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

০১। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল);
০২। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা;
০৩। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজসমূহ (সিলেট, ময়মনসিংহ, বরিশাল ও ফরিদপুর);
০৪। অধ্যক্ষ, সরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল);
০৫। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া;
০৬। অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল);

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:**

০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধসহ);
০২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
০৩। সংরক্ষণ নথি;

D:\Office order-2025-26

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

# কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুলাই ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | আবুল খায়ের মোঃ আক্কাস আলী<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ১৩ জুলাই ২০২৬ খ্রি. |
| সভার সময় | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এ দপ্তরের পরিচালক (প্রশাসন) জানান যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাসিক সমন্বয় সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য প্রতি মাসে সভা অনুষ্ঠিত হয়, এরই ধারাবাহিকতায় আজকের সভা।

২. পরিচালক (প্রশাসন) আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে জুলাই ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যপত্র উপস্থাপন করেন এবং সংশ্লিষ্ট শাখা/সেল/ইউনিট-এর প্রধান কর্মকর্তাগণকে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের অনুরোধ করেন। শাখা প্রধানগণ তাদের স্ব স্ব শাখা/সেল/ইউনিট-এর অগ্রগতি উপস্থাপন করেন।

৩. সভার বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| 1. | জুন ২০২৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন; | ১.১. গত ১৩ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভায় ১৭ জুন ২০২৬ মাসের কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। | ১.১.১. বিগত জুন ২০২৬ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | কারিগরি শিক্ষা অধিদপ্তরের সকল শাখা/সেল |
| 2. | বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহারে ঘোষিত শিক্ষা কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন; | ২.১. সরকারের নির্বাচনী ইশতেহারের ১৮০ দিনের কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহে দেয়াল পত্রিকা প্রকাশ, হেলথ ক্যাম্প (স্বাস্থ্য সচেতনতা, লাইফ স্টাইল, সেলফ হাইজিন, ডিজিজ/এনসিডি) আয়োজন, নারী শিক্ষার্থীদের নিরাপদ স্বাস্থ্য নিশ্চিতকরণে মাঠ পর্যায়ের প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। সভাপতি ১৮০ দিনের কর্মপরিকল্পনার বাস্তবায়ন প্রতিবেদন প্রতিষ্ঠান হতে সংগ্রহ করে উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন। সহকারী পরিচালক-৭ জানান, সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষককে ট্যাব প্রদানের লক্ষ্যে স্কীম গ্রহণ, খসড়া Standard MoU প্রণয়ন, খসড়া Industrial Training Guideline প্রণয়ন করা হয়েছে। সভাপতি সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষককে ট্যাব প্রদানের লক্ষ্যে ট্যাবের কমন স্পেসিফিকেশন প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। | ২.১.১. ১৮০ দিনের কর্মপরিকল্পনার বাস্তবায়ন প্রতিবেদন উপস্থাপন করতে হবে;<br>২.১.২. সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সকল শিক্ষককে ট্যাব প্রদানের লক্ষ্যে ট্যাবের কমন স্পেসিফিকেশন প্রণয়নপূর্বক অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিচালক (পরি: ও উন্ন:)/<br>সহকারী পরিচালক-৭/৮ |
| 3. | নিরাপত্তা সংক্রান্ত; | ৩.১. সহকারী পরিচালক-১ সভায় উল্লেখ করেন যে, 'নিরাপত্তা প্রতিবেদন' এর নির্ধারিত ফরমেট অনুযায়ী সকল পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় থেকে জুন ২০২৬ মাসের নিরাপত্তা সংক্রান্ত প্রতিবেদন পাওয়া গেছে। তিনি আরো জানান, কুষ্টিয়া সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট বন্ধ থাকাকালীন সময়ে ছাত্র হোস্টেলে ফ্যান চুরির ঘটনা ঘটে। পরবর্তীতে স্থানীয়ভাবে এ ঘটনার সমাধান করা হয়েছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন, প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার এবং সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | ৩.১.১. নির্ধারিত ফরমেট অনুযায়ী নিরাপত্তা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে,<br>৩.১.২. প্রতিষ্ঠানের নিরাপত্তা জোরদার এবং সিসি ক্যামেরা স্থাপন করতে হবে। | পরিচালক (প্রশাসন), আঞ্চলিক পরিচালক এবং সহকারী পরিচালক-১ |